প্রথম আলো

15 JUL 2009
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪

'ইংলিশ ইন স্কুল'

# শিক্ষার্থীদের পারদর্শী করে তুলতেই এ উদ্যোগ

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ●

বর্তমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে ইংরেজি শিক্ষার বিকল্প নেই। কিন্তু এতে আমরা অনেক পিছিয়ে আছি। একটেল ও ডেইলি *স্টার*-এর 'ইংলিশ ইন স্কুল' কার্যক্রম শিক্ষার্থীদের ইংরেজিতে পারদর্শী করে তুলবে বলেই আমাদের বিশ্বাস।

ময়মনসিংহে গত শনিবার স্থানীয় একটি হোটেলে একটেল ও ডেইলি *স্টার*-এর আয়োজনে 'ইংলিশ ইন স্কুল' কার্যক্রমের উদ্বোধন উপলক্ষে এক আলোচনা সভায় বক্তারা এ কথা বলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম এ সাত্তার মণ্ডল। বিশেষ অতিথি ছিলেন ময়মনসিংহের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মো. মহসিন। বক্তৃতা করেন ডেইলি *স্টার* সম্পাদক মাহফুজ আনাম ও একটেলের চিফ কমার্শিয়াল অফিসার বিদ্যুৎ কুমার বোস। সভাপতিত্ব করেন একটেল ময়মনসিংহের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মো. আজমল হোসেন।

মাহফুজ আনাম বলেন, স্কুলের শিক্ষার্থীদের ইংরেজি শিক্ষায় সৃজনশীল, দক্ষ ও যুগোপযোগী করে তুলতেই এ উদ্যোগ। তিনি বলেন, এ কার্যক্রমের আওতায় দেশের মোট এক হাজার স্কুলে তিনটি করে সপ্তাহে পাঁচ দিন ডেইলি *স্টার* সরবরাহ করা হবে। একটেলের চিফ কমার্শিয়াল অফিসার বিদ্যুৎ কুমার বোস জানান, তাঁরা এ কার্যক্রম অব্যাহত রাখার চেষ্টা করবেন।